

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মানুষের জন্য জরুরী হলো প্রতিটি পরীক্ষায় ধৈর্য ধারণ করা, যদিও সেই পরীক্ষা ছোট হয়

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ عَلَى الْمَرْءِ التَّصَبُّر عِنْدَ كُلِّ مِحْنَةٍ يُمْتَحَنُ بِهَا وَإِنْ كَانَتْ تِلْكَ الْمِحْنَةُ شَيْئًا يَسِيرًا

## আরবী

2886 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّتَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ بَيَانَ بْنِ بِشْرٍ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ عَنْ خَبَّابِ بْنِ الْأَرَتِ قَالَ: أَتَيْنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مُتَوَسِّدٌ بُرْدَةً فِي ظِلِّ الْكَعْبَةِ ـ وَقَدْ لَقِينَا مِنَ الْمُشْرِكِينَ شِدَّةً فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَلَا تَدْعُو اللَّهَ لَنَا فَجَلَسَ مُغْضَبًا مُحْمَرًا وَجْهُهُ فَقَالَ: (إِنَّ مَنْ كَانَ قَبْلَكُمْ لِيسْأَلُ الْكَلِمَةَ فَمَا يُعطيها فيُوضِعُ عَلَيْهِ الْمِنْشَارِ فيُشقُ بالْثَيْنِ مَا يصرفُهُ ذَاكَ عَنْ دينِهِ وَإِنْ كَانَ عَظَامِهِ مِنْ لَحْم أَوْ عَصَب بِأَمْشَاطِ الْحَدِيدِ وَمَا يَصِرفُهُ ذَاكَ عَنْ رَينِهِ وَإِنْ كَانَ لَكُمُ لَمُ لَكُمْ لَكُمْ لَكُمْ لَكُمْ لَكُمْ لَكُمْ لَكُمْ مُونَا اللَّهُ هَذَا الْأَمْرُ حَتَّى يَسِيرَ الرَّاكِبُ مِنْ صَنْعَاءَ إِلَى حَضْرُمَوْتَ لَا يَخَلُونَ وَلَيُتِمَّنَّ اللَّهُ هَذَا الْأَمْرُ حَتَّى يَسِيرَ الرَّاكِبُ مِنْ صَنْعَاءَ إِلَى حَضْرُمَوْتَ لَا يَخَافُ إِلَّا اللَّهُ وَالذَّنِبَ على عنمه) حَضْرُمَوْتَ لَا يَخَافُ إِلَّا اللَّهُ وَالذَّنْبَ على عنمه) الراوي : خَبَّاب بْنِ الْأَرْبَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1826 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2380).

## বাংলা

২৮৮৬. খাব্বাব বিন আরাত রাদ্মিল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম কাবার ছায়ায় চাদর মাথায় দিয়ে শুয়ে ছিলেন এমন সময় আমরা তাঁর কাছে আসলাম। এসময় আমরা মুশরিকদের থেকে কঠিন আচরণের শিকার হচ্ছিলাম। ফলে তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কি আমাদের জন্য আল্লাহর কাছে দু'আ করবেন না?" তখন রাসূল ক্রোধান্বিত, মুখমন্ডল লাল



অবস্থায় বসলেন, অতঃপর তিনি বললেন, "তোমাদের পূর্ববর্তী যুগের লোকদের কাছে ঈমানের বাক্য ছেড়ে দেওয়ার দাবী করা হতো, কিন্তু তারা সেই দাবীতে সাড়া দিতেন না। ফলে তার উপর করাত রাখা হতো, অতঃপর তাকে দ্বিখন্ডিত করা হতো। তবুও এটি তাকে দ্বীন থেকে সরাতে পারতো না।

তাদের কাউকে লোহার চিরুনী দিয়ে হাড় থেকে মাংস বা শিরা ছিন্ন করা হতো, তবুও এটি তাকে দ্বীন থেকে সরাতে পারতো না। কিন্তু তোমরা তাড়াহুড়া করছো! অবশ্যই আল্লাহ এই দ্বীনকে বিজয়ী করবেন। এমনকি আরোহী ব্যক্তি সুন'আ থেকে হাযরামাউত পর্যন্ত সফর করবে, সে আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করবে না এবং তার মেষপালের জন্যও বাঘের ভয় করবে না।"[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৩৮৫২; নাসাঈ, আল কুবরা: ৩/১১৭; মুসনাদ আহমাদ: ৫/১০৯; আবূ দাউদ: ২৬৪৯; সুনান বাইহাকী: ৬/৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৩৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন